

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৯১

১/ বিবিধ

আরবী

من قرأ سورة الواقعة وتعلمها لم يكتب من الغافلين، ولم يفتقر هو وأهل بيته موضوع

أورده السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (277) من رواية أبي الشيخ بسنده عن عبد القدوس بن حبيب عن الحسن عن أنس رفعه

وقال السيوطى: عبد القدوس بن حبيب متروك

قلت: وقال عبد الرزاق: ما رأيت ابن المبارك يفصح بقوله: كذاب إلا لعبد القدوس وقد صرح ابن حبان بأنه كان يضع الحديث

বাংলা

২৯১। যে ব্যাক্তি সূরা আল-ওয়াকিয়াহ পাঠ করবে এবং তা শিক্ষা গ্রহন করবে, তাকে গাফেলদের অন্তর্ভুক্ত লিখা হবে না এবং সে ও তার বাড়ীর সদস্যরা অভাবগ্রস্থ হবে না।

হাদিসটি জাল।

এটি সুয়ূতী "যায়লুল আহাদীসিল মাওযুআহ" গ্রন্থে (১৭৭) আবুশ শাইখ এর বর্ণনা হতে তার নিজ সনদে আব্দুল কুদ্দুস ইবনু হাবীব হতে ... উল্লেখ করে বলেছেনঃ আব্দুল কুদ্দুস ইবনু হাবীব মাতরূক।

আমি (আলবানী) বলছিঃ আব্দুর রাযযাক বলেনঃ আমি ইবনুল মুবারাককে এ আব্দুল কুদ্দুস ব্যতীত অন্য কাউকে স্পষ্টভাবে মিথ্যুক বলতে শুনিনি। ইবনু হিব্বান স্পষ্টই বলেছেনঃ তিনি হাদীস জাল করতেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন